



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-২).০০১.২০-১৭০

তারিখ: ০১/০১/২০২১ খ্রি.

বিষয়: ২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান প্রসঙ্গে।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১; তারিখ: ১২/০৮/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ইতোমধ্যে ২০২১ সালের এস.এস.সি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কী কী ব্যবহারিক করতে হবে তা উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষার্থীদের শুধুমাত্র নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু যেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিক আছে সেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিক খাতা (নোট বুক) জমা নেওয়ার জন্য সূত্রোক্ত পত্রে এনসিটিবি থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এস.এস.সি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যে কোন দু'টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। এমতাবস্থায়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুসারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
(ঢাকা, যশোর, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, সিলেট,
চট্টগ্রাম, দিনাজপুর ও ময়মনসিংহ)

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৫. জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সকল [পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৯. সংরক্ষণ নথি